

শুঁটকি বার্তা

সাসটেইনেবল
এন্টারপ্রাইজ প্রজেক্ট
(এসইপি)



উদ্ভাবন ও

প্রযুক্তির

মাধ্যমে

শুঁটকি মাছ

প্রক্রিয়াজাতকরণ


শিল্পের

প্রসার

৯ম সংস্করণ

মার্চ '২২ খ্রিঃ

কোস্ট ফাউন্ডেশন



নাজিরারটেকের শুঁটকি
উদ্যোক্তারা
পরিবেশসম্মত উপায়ে
নিরাপদ শুঁটকি
উৎপাদনে সচেষ্ট

ছবিতে ক্যাপ ও গ্লাবস
পরিহিত একজন উদ্যোক্তা মাছ
শুকাচ্ছে

স্থান: নাজিরারটেক

ছবিম্বাল: তুষি বণিক ০৭-০৩-২২

কোস্ট ফাউন্ডেশন দ্বারা বাস্তবায়িত এবং পিকেএসএফ এর তত্ত্বাবধানে পরিচালিত ড্রাইফিশ সাব-সেক্টরের মাধ্যমে এসইপি প্রকল্পের কর্মসূচী শুরু হয়েছে। এই প্রকল্পটি পরিবেশ সংক্রান্ত ০৪ টি ব্যাচ এবং বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত ০৮ টি ব্যাচের ট্রেনিং সম্পন্ন করেছে। পাশাপাশি, পরিবেশের সার্টিফিকেশন সংক্রান্ত ০১ টি সেমিনার সম্পন্ন হয়েছে। উক্ত সেমিনার ও ট্রেনিংসমূহ তাদের স্বাস্থ্যবিধি এবং পরিচ্ছন্নতাবোধকে সমৃদ্ধ করতে সাহায্য করেছে। তারা শুঁটকি প্রসেসিং এর ক্ষেত্রে পরিবেশগত অনুশীলনগুলি অনুসরণ করার চেষ্টা করছে যা শেষ পর্যন্ত একটি ভালো ফলাফল বহন করবে বলে আমরা আশাবাদী। যদি উৎপাদন ভালো ও মানসম্মত হয়, তাহলে ভোক্তাও তার পরিবারের জন্য সেরা পণ্য ক্রয় করতে পারবে।



উদ্যোক্তা কলাম



নাজিরারটেকের ০৮ জন ক্ষুদ্র উদ্যোক্তা এসইপি ড্রাইফিশ প্রকল্পের অধীনে প্রোমোট ড্রাইফিশ এন্ট্রিপ্রিনার লোন পেয়েছেন; এদের মধ্যে ০৪ জনের দোকান পুরোপুরি সম্পন্ন, আর বাকি ০৪ জনের কাজ সম্পন্নপ্রায় অবস্থায় আছে। তারা প্রত্যেকেই নিরাপদ শুটকি উৎপাদন, শুটকির বর্জ্য ব্যবস্থাপনা, এবং ব্যবসায়িক উন্নয়ন, প্রসারণ ও বিপণন পরিকাঠামোর উপর কিছু প্রশিক্ষণ ও কর্মশালা পেয়েছে। মূলত এই প্রশিক্ষণসমূহ নিরাপদ উপায়ে উৎপাদিত শুটকির দোকান খুলতে এদের দক্ষতা বৃদ্ধিতে সহায়তার পাশাপাশি তাদের অনুপ্রাণিত করেছে। প্রকল্পের অফিসারদের প্রতিনিয়ত তদারকির দরুণ তারা খুব কমই পরিবেশ সুরক্ষার নিয়ম ভঙ্গ করে। এই সদস্যের অন্তর্ভুক্ত নুরুল আলম নামের একজন ক্ষুদ্র উদ্যোক্তা বলেন, “গত ৪০ বছর যাবত নাজিরারটেকে আমি শুটকির ব্যবসা করে আসছি, আর এটি আমার পারিবারিক ব্যবসা। আমি একজন পাইকারি বিক্রেতা যে সাগর থেকে মাছ কিনে এনে শুটকি করে এটিকে লোকাল মার্কেটে বাজারজাত করত। কিন্তু এসইপি প্রকল্প থেকে প্রশিক্ষণ গ্রহণের ফলে আমি আমার মন পরিবর্তন করেছি। এখন আমি একটি নিরাপদ শুটকির দোকান দিয়েছি যেখানকার পণ্যগুলো স্বাস্থ্যবিধি ও পরিচ্ছন্নতা বজায় রেখে ক্রেতার নিকট বিক্রয় করা হয়। আমি এভাবেই আমার ব্যবসা আরো বড় পরিসরে নিয়ে যেতে চাই।”

নাজিরারটেকের ০৪ জন
ক্ষুদ্র উদ্যোক্তা তাদের খলার
সম্মুখে নিরাপদ শুটকির
দোকান গড়ে তুলেছেন

এসইপি প্রকল্পের উদ্যোগে নাজিরারটেকে ০৪
জন ক্ষুদ্র উদ্যোক্তার নিরাপদ শুটকির দোকান

ছবিয়াল: তুষি বণিক ২০-০৩-২০২২



প্রয়োজনে: -

মো: সাথীল তালুকদার

এসইপি প্রজেক্ট ম্যানেজার

মোবাইল: ০১০১০-৭৯৮৯১৪